সুদৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত প্রগতিশীল

**দিনাজপুর ব্যাঙ্ক লিঃ**

সিডিউল্ড ব্যাঙ্ক — ( ক্লিয়ারিং সুবিধাযুক্ত )

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান

জঙ্গিপুর, হেড অফিস—দিনাজপুর

সেন্ট্রাল অফিস—১১ ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ—জলপাইগুড়ি, পার্ব্বতীপুর, ভবানীপুর ( কলিকাতা ), রায়গঞ্জ, রাজসাহী, আলীপুর দুয়ার, রামপুরহাট। কর্ণওয়ালিস ষ্ট্রীট ( কলিকাতা ), গাইবান্ধা ও দুবরাজপুর শাখা শীঘ্রই খোলা হইবে।

ম্যানেজিং ডিরেক্টর—রায় সাহেব যতীন্দ্রমোহন সেন

Ex. M. L. C.



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত

**পক্ষাঘাতের তৈল ঔষধ**

এক মাস ব্যবহারোপযোগী তৈল ঔষধের
মূল্য ১৬৲ ষোল টাকা

চ্যবনপ্রাশ /১ সের ১০৲ মকরধ্বজ ১ তোলা ৬৲

দশভুজা ঔষধালয়

মেডিকেল ডিপ্লোমাপ্রাপ্ত ও গভর্ণমেণ্ট রেজিষ্ট্রীকৃত

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন

(প্রেসিডেণ্ট ইউনিয়ন বোর্ড, ভূতপূর্ব্ব চেয়ারম্যান ডি, এস, বোর্ড)

মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)



৩৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২৬শে চৈত্র বুধবার ১৩৫৩ ইংরাজী 9th April. 1947 { ৪৬শ সংখ্যা



আপনার

**কম খরচার খাজাঞ্চী**

## ঢাকুরিয়া ব্যাঙ্কিং

**করপোরেশন লিমিটেড**

হেড অফিস

২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

ফোন: কলিকাতা ১৭৪৪ টেলিগ্রাম: ট্রাংকম

শাখাসমূহ

ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, ( এস, পি ), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ ), সোনারপুর।

ম্যানেজিং ডিরেক্টার

ডি, এন, চ্যাটার্জ্জি এফ, আর, ই, এস (লণ্ডন)



## ব্যয় নহে—সঞ্চয়

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৭শে চৈত্র বুধবার সন ১৩৫৩ সাল

## অপরাধী শাসক

—ঃ০ঃ—

দুষ্টের দমন, শিষ্টের পালন রাজধর্ম্ম। প্রচলিত বিধি ব্যবস্থা মানিয়া যাহারা চলে না, শাসক তাহাদের দণ্ড দেন। শাসক যদি নিজে নিয়ম পদ্ধতি মানিয়া না চলেন, তবে তিনিই অপরাধী। এই অপরাধের দণ্ড তাঁহাকে পাইতেই হইবে। তাঁহার ভয়ে সামনা সামনি কেহ কোনও কথা বলিতে সাহস না করিলেও, যাহারা তাঁর ব্যবহার জানে, তাহাদের প্রত্যেকের হৃদয়ে এই ক্ষমতাপন্ন দুর্বৃত্তের জন্য, তার মৃত্যুর পরও, সঞ্চিত থাকে পুঞ্জীভূত ঘৃণা। এই দুর্বৃত্তের অধীনস্থ ন্যায়নিষ্ঠ কর্ম্মচারীও অবাধ্যতা দোষে দুষ্ট হইবার ভয়ে মনের ঘৃণা চেপে রেখেও প্রভুভক্তি দেখাইতে বাধ্য হয়। মনে মনে বলে—

যদিও আমার প্রভু শুঁড়ি বাড়ী যায়,  
তথাপি বলিতে হবে—কোন দোষ নাই।

একটী গল্প মনে হলো—এক রাজার মৃত্যুর পর তাঁহার যুবক পুত্র সিংহাসনের অধিকারী হইলেন। পিতার জীবিতকালে ইনি এক মুদ্দফরাস রমণীর প্রতি অনুরাগী হন। রাজা হইয়াও তিনি সে অভ্যাস ত্যাগ করিতে পারেন নাই। রাজসম্মান অক্ষুণ্ণ রাখিয়া তাঁহারই অধীনস্থ পুলিশ প্রহরীগণের চক্ষে ধূলি দিয়া অন্ধকারের অন্তরালে এই নীচজাতীয়া প্রণয়িনীর কুটীরে প্রতিরাত্রে গমন করেন। সামাজিক রীতি পদ্ধতির ভয়ে প্রকাশ্যে ডোমের বাড়ী যাতায়াত করিতে পারেন না। রাজপথ দিয়া না গিয়া প্রত্যহ রাজবাড়ীর খিড়কী দিয়া বাহির হইয়া জঙ্গলের মধ্য দিয়া এই ইতর জাতীয়া রমণীর গৃহে গমন করিয়া রাত্রি থাকিতেই সেই পথে রাজধানীতে ফিরিয়া খিড়কী দিয়া প্রবেশ করেন।

বহুদিন এইভাবে নীতি বিগর্হিত কার্য্য করিয়াও কোনও দিন তাঁহার নগরপাল প্রহরীগণের হস্তে পতিত হন নাই। কোতোয়াল যদি তাহার কর্ত্তব্য করিত তবে তিনি নিশ্চয়ই একদিন না একদিন প্রহরীর হস্তে ধৃত হইতেন। এই বিষয় চিন্তা করিয়া মনে মনে বিচার করিলেন—আমার মত কত রাতচোরা যে এমনি অক্ষত-ভাবে চলাফেরা করে আর পুলিশের প্রভুরা মোটা মোটা তন্‌খা খাইয়া এইভাবেই কর্ত্তব্য সম্পন্ন করে। বিচারাসনে বসিয়াই প্রত্যহ প্রধান কোতোয়ালকে ডাকিয়া বলিলেন—

রাজা—কহ সিপাহী রাত কা বাত।

সিপাহী—সব ঠিক হ্যায় হুজুর।

রাজা এই জবাব শুনিয়াই তাহাকে কর্ম্মচ্যুত করিলেন। এই ভাবে প্রত্যহ কোতোয়াল বাহাল হয়, তার পরদিন প্রত্যুষে যেই বলে "সব ঠিক হ্যায়" অমনি তার জবাব হয়। এক সুচতুর কোতোয়াল বাহাল হইয়াই রাজার উপর নজর রাখিল। রাত্রে রাজবাড়ীর খিড়কীর পাশে এক গাছে উঠিয়া বসিয়া থাকিল। খিড়কীর পাশে রন্ধনশালা, পাচক জানালা দিয়া ভাতের ফেন ফেলাইয়া দিয়াছে ঠিক খিড়কীর পথে। আহারাদির পর রাজবাড়ীর সব নিদ্রিত হইলে, রাজা খালি পায়ে যেই খিড়কীর বাহির হইয়াছেন, ভাতের ফেনে পা পিছলাইয়া পড়িয়া গেলেন। উঠিয়া পাছায় হাত বুলাইতে লাগিলেন। কোতোয়াল তাহা লক্ষ্য করিল। রাজা চলিতে লাগিলেন, কোতোয়াল বৃক্ষ হইতে নামিয়া তাঁহার অনুসরণ করিল। রাজা সেই মুদ্দ-ফরাস রমণীর কুটীরে প্রবেশ করিলেন। রাজা তাহার প্রণয়িনীর সঙ্গে বসিয়া এক পাতে আহার করিলেন। প্রণয়িনীর নির্দ্দেশ মত ডোমপাড়ার পুকুরে ধোপারা যেখানে কাপড় কাচে সেই ঘাটে জলপান করিলেন, তারপর মড়ার খাটে শয়ন করিয়া নাক ডাকাইয়া ঘুমাইতে লাগি-লেন। অন্ধকার থাকিতে থাকিতে ফিরিয়া স্নানাদি শেষ করিয়া বিচারাসনে বসিয়াই কোতোয়ালকে তলব করি-লেন। কোতোয়াল হাজির হইয়া যথারীতি কুনিস্ করিয়া দণ্ডায়মান রহিল।

রাজা—কহ সিপাহী রাত কা বাত।

সিপাহী—(অন্যান্য সিপাহীর মত সব "ঠিক হ্যায়" না বলিয়া আরম্ভ করিল)—

কহেঙ্গে হুজুর রাত কা বাত?  
পহিলী পট্‌কন্ চুতড়মে (পাছা) হাত।

রাজার চক্ষুস্থির! ঠিক তো প্রথমে খিড়কীর বাহির হইয়াই আছাড় খাইয়া পাছায় হাত বুলাইয়া ছিলাম। এতো সব দেখেছে

রাজা—আচ্ছা—

সিপাহী—কহেঙ্গে হুজুর রাতকা বাত?  
পীরিত না মানে ছোটা জাত।

রাজা—আচ্ছা—

সিপাহী—কহেঙ্গে হুজুর রাতকা বাত?  
ভুক না মানে জুঠা ভাত।

রাজা—আচ্ছা—

সিপাহী—কহেঙ্গে হুজুর রাতকা বাত?  
পিয়াস না মানে ধোবী ঘাট।

রাজা—আচ্ছা—

সিপাহী—কহেঙ্গে হুজুর রাতকা বাত?  
নিদ্ না মানে মুর্দ্দা খাট।

রাজা কোতোয়ালের কর্ত্তব্য পরায়ণতা এবং সাধারণের সামনে মুনিবকে খাটো না করিয়া ইঙ্গিতে সব রাজগোচরে আনিতে সক্ষম হইয়াছে দেখিয়া তাহাকে পুরস্কৃত করি-লেন ও কোতোয়ালের বেতন বৃদ্ধি করিয়া দিলেন। রাজা অপরাধী হইলেও সত্যের মর্য্যাদা রাখিতে জানিতেন। আজকাল শাসকের অন্যায় ধরাইয়া দিলে তার রক্ষা নাই। যতই শাক দিয়ে মাছ ঢাক না কেন দুর্বৃত্ত শাসক চিরদিন হিন্দু শাস্ত্রে কংসের মত এবং মুসলমান শাস্ত্রে এজিদের মত এবং তার মন্ত্রী মারওয়ানের মত লোক চক্ষে ঘৃণিত হইয়া থাকিবে।

---

## নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১২ই মে ১৯৪৭

১৯৪২ সালের ডিক্রীজারী

৬১৬ থাং ডিঃ শ্রীসদ্ধি বাঈ দেং দ্বিজপদ বন্দ্যোপাধ্যায় দাবি ১৬৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে গদাইপুর ৬৯ শতক নিষ্কর জমির সেস ।৭ আঃ ৩, থং ১১৭

১৯৪৬ সালের ডিক্রীজারী

৫৫ মনি ডিঃ জিল্লার রহমান মিঞা দেং দ্বিজপদ হালদার দাবি ৩৫৬৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে নওদাটুলি ১৬ শতকের কাত ৩৷০ মায় তদুপরিস্থিত গৃহ ১ খানি ২ কুঠরী এবং বারান্দা, চৌকাঠ, জানালা কিস্তাসহ ও ১টী

ইটের প্রাচীর টিনের চালা সমেত আঃ ১০০৲ খং ৮৭ ২নং লাট থানা ঐ মৌজে নিজ ঘারিয়াপুর ১-৪৬ শতকের কাত ৪৸৶০ তন্মধ্যে দেন্দারের ⅓ অংশে ৯৭ শতক খং ২৪ আঃ ১০০৲ ৩নং লাট মৌজাদি ঐ ১-৬০ শতকের কাত ৫৶৩ পাই তন্মধ্যে দেন্দারের ⅓ অংশে ১-৭ শতক খং ৮৬ আঃ ১০০৲

১৯৪৭ সালের ডিক্রীজারী

১৭০ থাং ডিঃ মাখনময়ী দাসী দেং কিশোরীমোহন দাস দাবি ২৮৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে শ্রীকান্তবাটী ৭২ শতকের কাত ৪৵০ আঃ ৫৲ খং ২০৫ রায়ত মোকররী

১৭১ থাং ডিঃ শ্রীমতী কমলাবালা দাসী দেং কিশোরীমোহন দাস দাবি ১০৮৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে এনায়েতনগর ৫০ শতকের কাত ২।০ আঃ ৫৲ খং ৪৭ রায়ত স্থিতিবান

১৫১ থাং ডিঃ নীরেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং সর্ব্বময় সরকার দিং দাবি ১০৫।/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মথুরাপুর ৪-৪০ শতকের কাত ১৬৷৴৯ আঃ ৬৪৲ খং ২১০

১৫২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৪৵৯ মৌজাদি ঐ ৪৬ শতকের কাত ৪৲ আঃ ২০৲ খং ২১০

১৫৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৯৮৶৯ মৌজাদি ঐ ৬১ শতকের কাত ৫/০ আঃ ২০৲ খং ২১২

১৬৫ থাং ডিঃ ঐ দেং হরিহর ঘোষাল দিং দাবি ৪০৮/৬ থানা ঐ মৌজে মণ্ডলপুর ৬৬ শতকের কাত ৫৮৶০ আঃ ২০৲ খং ৩৩০

১৬৬ থাং ডিঃ ঐ দেং যতীন্দ্রনাথ দত্ত দিং দাবি ২৯৶০ থানা ঐ মৌজে সামলা ৮৯ শতকের কাত ১৮/০ আঃ ১০৲ খ ১২৯

১৬৭ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দিং দেং ফুলকামিনী দাসী দিং দাবি ৮৫।৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাইস্কা্য ৪-৪৯ শতকের কাত ১৯।৶১৫ আঃ ৫০৲ খং ৩২৩

১৬৮ থাং ডিঃ ঐ দেং বিজয়কুমার সিংহ দিং দাবি ৭৭৷/৯ মৌজাদি ঐ ৩ ৪৭ শতকের কাত ১৪৮৶১৫ আঃ ৪০৲ খং ২৬০

১৭৯ থাং ডিঃ জয়চাঁদ সেংগী দেং সুদাম মাঝি দিং দাবি ২৬/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে চকসাহপুর ৯ শতকের কাত ২৮০ আঃ ২০৲ খং ১১৭

৭৯ থাং ডিঃ সেবাইত রাধাবল্লভ নাথ দেং তারাপদ সেন দাবি ২০/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাসুদেবপুর ১-২৮ শতকের কাত ২।৶৬ পাই আঃ ৫৲ খং ৭৩ রায়ত স্থিতিবান

৮০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২৶৬ মৌজাদি ঐ ১-২ শতকের কাত ৩।০ আঃ ৫৲ খং ৭৫

৮১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬।৬ মৌজাদি ঐ ৭৯ শতকের কাত ১৷৶৬ পাই আঃ ৫৲ খং ৭৮

১২৬ থাং ডিঃ হরিশ্চন্দ্র মুখোপাধ্যায় দিং দেং অহিভূষণ সেন দিং দাবি ২৪।৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে জরুর ২-২১ শতকের কাত ৩।৶০ আঃ ১৫৲ খং ৬১৫ রায়ত স্থিতিবান

১২৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭।৵০ মৌজাদি ঐ ১ ৯৪ শতকের কাত ৩।৶০ আঃ ১০৲ খং ৬২৩ রায়ত স্থিতিবান

১২৮ থাং ডিঃ ঐ দেং শচীন্দ্রনাথ অধিকারী দিং দাবি ১৭।৵৯ থানা সুতী মৌজে পারুলিয়া ১-৫৩ শতকের কাত ৩৲ আঃ ১০৲ খং ২৭৪ ঐ স্বত্ব

১২৯ থাং ডিঃ ঐ দেং রামচন্দ্র চট্টোপাধ্যায় দিং দাবি ১৬৵৯ থানা ঐ মৌজে হিলোড়া ৫৩ শতকের কাত ১৷/০ আঃ ১০৲ খং ১২৯৯ রায়ত মোকররী

১৩০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৷/৬ মৌজাদি ঐ ৩২ শতকের কাত ১।/০ আঃ ৫৲ খং ১৩০০ রায়ত স্থিতিবান স্বত্ব

১৩১ থাং ডিঃ ঐ দেং জাহোর সেখ দিং দাবি ১২২।৶০ মৌজাদি ঐ ২-৪২ শতকের কাত ১৯।০ আঃ ৭৫৲ খং ২৫৯৭ ঐ স্বত্ব

৮৮ থাং ডিঃ সেবাইত মণিমোহন চৌধুরী দেং মহামায়া দাসী দাব ৭০৮৶৩ থানা সুতী মৌজে লোহারাপাড়া ৫-৭৬ শতকের কাত ১২৲১০ আঃ ৪০৲ খং ১৮ ঐ স্বত্ব

১০৫ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং সুন্দরী মণ্ডলানী দিং দাবি ৪৫৶৬ থানা সুতী মৌজে গোপালনগর ৬০ শতকের কাত ৪৮০ আঃ ১৫৲ খং ১৫৭ রায়ত স্থিতিবান

১০৬ থাং ডিঃ ঐ দেং প্রতাপচন্দ্র দাস দিং দাবি ১২৭৷৬ থানা ঐ মৌজে অমরপুর ১১-৬৮ শতকের কাত ২৯৮৯ আঃ ৫০৲ খং ৮২ ঐ স্বত্ব

১০৭ থাং ডিঃ ঐ দেং তেজু মাঝি দিং দাবি ৩৯।০ থানা ঐ মৌজে শিধরী ১-২৫ শতকের কাত ৪।৶০ আঃ ১০৲ খং ৩৩৭ ঐ স্বত্ব

১৬৪ থাং ডিঃ গৌরপদ চট্টোপাধ্যায় দিং দেং ভক্তিভূষণ দাস দিং দাবি ৩১।/৯ থানা সুতী মৌজে সজনীপাড়া ৪৪ শতকের কাত ৪৲ আঃ ২৫৲ খং ২৯২

১৬৯ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং ভোলানাথ আচার্য্য দিং দাবি ২১।/৬ থানা সুতী মৌজে বংশবাটী ১-২৬ শতকের সেস ৷/১০ আঃ ৫৲ খং ১৩৩৩

১১৩ থাং ডিঃ মৃত যোগেন্দ্রচন্দ্র খাঁর ট্রাষ্ট এষ্টেটের ট্রাষ্টি গণেশচন্দ্র খাঁ দিং দেং শশিভূষণ দাস দাবি ২০৮৶৩ থানা সুতী মৌজে কিশোরপুর ১-২০ শতকের কাত ২৶৬ আঃ ৮৲ খং ২৬৯

১০৯ থাং ডিঃ অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দেং উসমান বিশ্বাস দাবি ২৪৵০ থানা সুতী মৌজে সজনীপাড়া ৮৬ শতকের কাত ৪।৪ আঃ ১০৲ খং ৫৫ রায়ত স্থিতিবান

১৩৩ থাং ডিঃ যদুনন্দন দাস দিং দেং সামির সেখ দিং দাবি ২৬৮৶৩ থানা সুতী মৌজে ফরিদপুর ।৪।০ জমির কাত ২।৵৬ আঃ ৭৲ খং ১৮ রায়ত স্থিতিবান

---


হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।

---

বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ

পাইবার

বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

প্রতিষ্ঠাতা—কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়,

বি-এ, কবিরত্ন।

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
ডাক মাশুল লাগে না।
প্রাপ্তিস্থান :—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ।

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্ত প্রতি লাইন ।॰ আনা, এক মাসের জন্ত প্রতি লাইন প্রতিবার ৵॰ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵১॰ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৷॰ টাকা। নগদ মূল্য ৴॰ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।




দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত